

# বুয়েটে রাজনীতি চালুর দাবি ছাত্রলীগের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্র রাজনীতি নিষিদ্ধ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) জাতীয় শোক দিবস উপলক্ষে দোয়া ও আলোচনা সভা করতে গিয়ে শিক্ষার্থীদের বিক্ষোভের মুখে পড়েছেন সাবেক ছাত্রলীগ নেতারা। এই ঘটনায় সমালোচনার ঝড় বইছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। এদিকে বুয়েটে পুনরায় ছাত্র রাজনীতি চালুর দাবি জানিয়েছে বাংলাদেশ ছাত্রলীগ। অন্যদিকে সাধারণ শিক্ষার্থীদের বিক্ষোভ নিয়ে অপপ্রচার হচ্ছে বলে দাবি করেছেন বুয়েট শিক্ষার্থীরা।

রবিবার দুপুরে ঢাবি ক্যাম্পাসে ছাত্রলীগের এক সমাবেশে সংগঠনের কেন্দ্রীয় সভাপতি আল নাহিয়ান খান জয় বুয়েটে ছাত্র রাজনীতি পুনরায় চালু করার অনুরোধ জানিয়েছেন। বুয়েট প্রশাসনের কাছে প্রশ্ন রেখে জয় বলেন, ছাত্র রাজনীতি বন্ধ রেখে আপনার বুয়েটকে জঙ্গী মুক্ত করতে পারবেন না। ক্যাম্পাসে ছাত্র রাজনীতি সচল করে বুয়েটকে জঙ্গী মুক্ত করার জন্য আপনারা পদক্ষেপ নেন।

তবে শোক সভার বিরোধিতা করে শিক্ষার্থীদের প্রতিবাদকে ভিন্নদিকে প্রবাহিত করার জোর অপচেষ্টা চালানো হচ্ছে বলে দাবি করেছে বুয়েট শিক্ষার্থীরা। রবিবার দুপুরে বুয়েট ক্যাম্পাসে সংবাদ সম্মেলনে তারা বলেন, শোক দিবসের বিরোধিতা কিংবা বুয়েট ক্যাম্পাসে শোক দিবস পালন করা যাবে না- এমন কোন আপত্তি নয় বরং ক্যাম্পাসে নিষিদ্ধ ছাত্র রাজনীতির দলীয় ব্যানারে সভা নিয়ে আপত্তি ছিল আমাদের এবং সেটা আমরা

অশাপনকে পচেস্ট ঝাফতে বলোহ ।  
সোমবার বিকেল পাঁচটায় সাধারণ  
শিক্ষার্থীদের আয়োজনে জাতীয়  
শোক দিবস উপলক্ষে একটি  
স্মরণসভার আয়োজন করার কথা  
জানান তারা ।